

## **Psychological Assessment Clinic-কার্যক্রমঃ**

সাধারণ মানুষের মনোবৈজ্ঞানিক পরিমাপণ ব্যবস্থা উন্নয়ন ও সেবা প্রদানের জন্য Australian High Commission এর আর্থিক অনুদানে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগে ০১ অক্টোবর ২০১৬ সাল থেকে Psychological Assessment Clinic-চালু আছে। এই ক্লিনিকে সাধারণ মানসিক স্বাস্থ্য পরিমাপণ (General Mental Health assessment), বুদ্ধি অভিক্ষা (IQ test), স্নায়ু-মনোবৈজ্ঞানিক পরিমাপণ (Neuro-Psychological Assessment), ব্যক্তিত্ব অভিক্ষা (Personality test), পেশাগত দক্ষতা অভিক্ষাসহ (Professional Aptitude Test) বিভিন্ন ধরনের মানসিক স্বাস্থ্য পরিমাপণমূলক সেবা প্রদান করা হয়। এ বছরে মোট ২৫০ জন ব্যক্তিকে মনোবৈজ্ঞানিক পরিমাপণ সেবা প্রদান করা হয়েছে।